**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 31-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**রাজ্যস্তরীয় দিশা কমিটির সভায় মুখ্যমন্ত্রী:**

মুখ্যমন্ত্রী অধ্যপক ডা: মানিক সাহা বলেছেন রাজ্যে রূপায়িত কেন্দ্রীয় প্রকল্প গুলির কাজ গুণমান বজায় রেখে নির্ধারিত সময়সীমার মধ্যে শেষ করতে হবে | প্রকল্প রুপায়নকারী সংস্থাগুলিকে এক্ষেত্রে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা স্থির করে কাজ করা দরকার | গতকাল মহাকরনে ২০২৪-২৫ অর্থবছরের রাজ্যস্তরীয় দিশা কমিটির সভায় মুখ্যমন্ত্রী একথা বলেন | বর্তমান রাজ্য সরকার সচ্ছ্বতার সঙ্গে সরকার পরিচালনায় বিশ্বাস করেন | সভায় অর্থমন্ত্রী প্রনিজিৎ সিংহ রায়, সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়ক কিশোর বর্মন মনোজ কান্তি দেব, শৈলেন্দ্র চন্দ্র নাথ, বিরজিৎ সিনহা, প্রধান মুখ্য বন সংরক্ষক আর কে সামাল প্রমুখ বক্তব্য পেশ করেন |

******************************

**Maan Ki Baat:**

দেশের বস্ত্র বর্জ্য মোকাবেলার বিষয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গুরুত্ব আরোপ করেছেন| গতকাল মন কি বাত এর ১২০ তম পর্বে উদ্যোগ প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন যে, ভারত বিশ্বের তৃতীয় দেশ যেখানে সর্বাধিক বস্ত্র বর্জ্য পাওয়া যায়। প্রধানমন্ত্রী হরিয়ানার পানিপথের উল্লেখ করে বলেন যে পানিপথ বস্ত্র বর্জ্য পুনর্ব্যবহারযোগ্য করে তোলার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য হাব হিসেবে পরিগণিত হচ্ছে। কিছু কিছু এনজিও পুরনো বস্ত্র সংগ্রহ করে ব্যবহারযোগ্য করে দরিদ্রদের মধ্যে বন্টন করছে।

প্রধানমন্ত্রী জল সংরক্ষণের বিষয়ে গুরুত্ব আরোপ করে বলেন গত সাত আট বছরে ১১ বিলিয়ন কিউবিক মিটারের বেশি জল সংরক্ষণ করার ব্যবস্থা করা সম্ভব হয়েছে এর জন্য তিনি দেশবাসীকে অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী দেশের জনগণকে জল সংরক্ষণের কাজে এগিয়ে আসার আহ্বান জানান।

প্রধানমন্ত্রী জনগণের প্রতি আবেদন করেন যাতে তারা যোগব্যায়াম কে নিজেদের জীবনে অন্তর্গত করেন। প্রধানমন্ত্রী আরও বলেন যে বিশাল সংখ্যক যুবকেরা যোগ ব্যায়াম এবং আয়ুর্বেদকে সুস্থ থাকার মাধ্যম হিসেবে গ্রহণ করেছে। প্রধানমন্ত্রী চৈত্র নবরাত্রির সূচনায় সকলকে শুভেচ্ছা জানান। ভারতীয় নববর্ষের সূচনা উপলক্ষে প্রধানমন্ত্রী সকলকে শুভেচ্ছা জানান।

*****************

**Idd Ul Fitar-1:**

আজ ইসলাম  ধর্মাবলম্বীদের অন্যতম প্রধান উৎসব ঈদ-উল ফিতর |

রাজ্যেও আজ ইদ-উল-ফিতর উদযাপিত হচ্ছে ।আগরতলা টাউন জামে মসজিদের ইমাম আবদুর রহমান জানান, গতকাল  ইদের চাঁদ দেখা গেছে। গতকালের  ইফতারের মধ্যে দিয়ে একমাস ব্যাপী রমজান মাসের রোজা শেষ হয়েছে।  তিনি জানান,  আজ সকাল সাড়ে ৮ টায় আগরতলার শিবনগরের গেদু মিঁয়া মসজিদ প্রাঙ্গনে ইদ উল ফিতরের কেন্দ্রীয়  নামাজ আদায় করা হবে। ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন স্থানে বিশেষত সোনামুড়া, বক্সনগর, কৈলাশহর ধর্মনগর প্রভৃতি স্থানে উৎসাহ উদ্দীপনা তৈরী হয়েছে |

*******************

**Greetings of Pez Vice Pez..IDD**

ইদ উল ফিতর উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ঈদ-উল-ফিতরের

প্রাক্কালে দেশ-বিদেশে বসবাসকারী সকল নাগরিককে, বিশেষ করে মুসলিম সম্প্রদায়কে ঈদের শুভেচ্ছা জানিয়ে বলেন, পবিত্র রমজান মাসে সিয়াম সাধনা ও প্রার্থনার সমাপ্তি হয়  পবিত্র ঈদুল ফিতরের মধ্যে দিয়ে। তিনি জোর দিয়ে বলেন, এই উৎসব ভ্রাতৃত্ববোধ, সহযোগিতা এবং সহমর্মিতার চেতনাকে আর ও শক্তিশালী করে | উপরাষ্ট্রপতি জগদীপ ধন্খড় দেশবাসীকে ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা জানিয়েছেন। উপ-রাষ্ট্রপতি উল্লেখ করেন যে, ঈদ সাংস্কৃতিক বৈচিত্র থেকে প্রাপ্ত শক্তিকে মজবুত করে |

******************

**IDD-UL-Fitor-1:**

ঈদ-উল-ফিতর উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যবাসীরে  অভিনন্দন এবং শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায়, রাজ্যপাল ঈদ-উল-ফিতর উপলক্ষে রাজ্যবাসীর আনন্দ, ভালোবাসা, সুখ, শান্তি, সমৃদ্ধি এবং ভ্রাতৃত্ববোধ কামনা করেন।

পৃথক এক শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন-পবিত্র ঈদ-উল-ফিতর আমাদের কাছে ত্যাগ ও তিতিক্ষার বার্তা নিয়ে আসে। রমজানের সহিষ্ণুতার বার্তা ও সর্বশক্তিমানের দোয়ায় আমরা যাতে সুস্থ ও সুন্দর ত্রিপুরা গড়ে তুলতে পারি সেটাই হোক ঈদ-উল-ফিতর উদযাপনের প্রার্থনা।প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহাও ইদ-উল- ফিতর উপলক্ষ্যে রাজ্যবসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা ও ঈদ-উল- ফিতর উপলক্ষ্যে রাজ্য বাসীকে শুভেচ্ছা জানিয়েছেন |

*********************

**CM basanta utsaav:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজন্য আমল থেকে এই রাজ্যে হোলি বা বসন্ত উৎসব হয়ে আসছে। এই উৎসব পালনের মধ্য দিয়ে আমাদের কৃষ্টি সংস্কৃতি পরম্পরা ধরে রাখা খুবই প্রয়োজন। গতকাল  আগরতলা কুমারীটিলা বিটি কলেজ প্রাঙ্গনে রাজ্যভিত্তিক বসন্ত উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন| ত্রিপুরার রাজ পরিবারের সঙ্গে রবীন্দ্রনাথের সম্পর্কের কথা উল্লেখ করেন মুখ্যমন্ত্রী | অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার রাজ্যভিত্তিক বসন্ত উৎসব কমিটির আহ্বায়ক তথা পশ্চিম জেলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল। এই উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানের ও আয়োজন করা হয়|

*******************

## Animal-Bird Mela:

কুমারঘাট মহকুমাভিত্তিক পশু- পাখি মেলা গতকাল  পেঁচারথল ব্লকের মাছমারা প্রাণী চিকিৎসা কেন্দ্র প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়। এই মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন, বিধায়ক ভগবান চন্দ্র দাস। উপস্থিত ছিলেন,A.D.C সদস্যা স্বপ্না রাণী দাস, পেঁচারথল B.A.C'র চেয়ারম্যান সজল চাকমা প্রমুখ। মেলায় বিভিন্ন পশু পাখি প্রদর্শিত হয়।

*****************

## Awareness on child marriage:

বাল্যবিবাহ প্রতিরোধে  আগরতলায় অন্বেষা হোমের আবাসিকদের জন্য গতকাল আইনি সচেতনতা শিবিরের আয়োজন করে পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষ। শিবিরে বাল্য বিবাহ নিষেধাজ্ঞা আইন, ২০০৬ বিষয়ে আলোচনা

করেন শিশু কল্যাণ কমিটির চেয়ারম্যান আইনজীবী অস্মিতা বনিক এবং আইনসেবা কর্তৃপক্ষের অধিকার মিত্র রাজীব কুমার পাল।

******************

**নকআউট ক্রিকেট:**

টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেটের দুটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ আজ হবে। নরসিংগড়ের টি আই টি মাঠে সংহতি ক্লাব খেলবে হার্ভে ক্লাবের বিরুদ্ধে এবং পুলিশ ট্রেনিং একাডেমী মাঠে জয়নগর ক্রিকেট ক্লাব খেলবে মৌচাক ক্লাবের বিরুদ্ধে।

****************

**Weather..**

রাজ্য জুড়ে গরম বাড়ছে। আজ সকালে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা পৌছাতে পারে ৩৭ ডিগ্রির কাছাকাছি। আবহওয়া সাধারণত শুষ্ক থাকবে।

*******************

***********